

## 💵 ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ কুরআনের প্রতি আদব রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

কুরআন জীর্ণ-শীর্ণ বা নষ্ট হয়ে গেলে, কুরআন থেকে পাতা বিচ্ছিন্ন হলে তা পানিতে ফেলবেন না

কারণ, পানির সাথে ময়লাও ভাসে অথবা ভাসিয়ে নিয়ে নোংরা জায়গায় ফেলতে পারে। সুতরাং তা পবিত্র মাটির নিচে দাফন করে ফেলুন, নতুবা ভালো করে পুড়িয়ে তার ছাই মাটিতে পুঁতে ফেলুন। কুরআনের পাতা বা তার টুকরো কোন জায়গায় পড়ে থাকতে দেখলে তা তুলে নিয়ে ঐ কাজ করুন।

কুরআন পড়ার সময় মুখের লালা আঙ্গুলে লাগিয়ে পাতা উল্টাবেন না। কারণ, তাতে আপনার মুখের লালা কুরআনের পাতায় লেগে যায়; যা কুরআনের প্রতি অসম্মানসূচক।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7926

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন